আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী ও স্বীকৃতিপ্রাপ্তদের অধিকার ও সুবিধাসমূহ সম্পর্কিত প্রশ্নউত্তর

1. **গ্রীসে শরণার্থী আবেদনকারী হিসেবে আপনার অধিকারসমূহ নিম্নরুপ** -

   i. আপনাকে আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড দেওয়া হবে যা দ্বারা আপনি বৈধভাবে এদেশে চলাফেরা করতে পারবেন ।

   ii. বিনামূল্যে স্বাস্থ্য ও চিকিতসাকেন্দ্রে সেবা নিতে পারবেন ।

   iii. নিম্নলিখিত শর্তানুসারে বসবাসের অধিকার(হাউজিং) রয়েছে ।

   iv. নির্দিষ্ট শর্তানুসারে কর্মসংস্থানের ব্যবস্থা থাকবে ।

2. **বাসস্থান ব্যবস্থায় প্রযোজ্য শর্তাবলী**-

   রাস্ট্রীয় আইন 220/2007 অনুযায়ী শরণার্থী আবেদনকারীদের বাসস্থানের অধিকার রয়েছে । এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত শ্রম মন্ত্রনালয় । শরণার্থী আবেদনকারীদের মধ্যে যারা বাসস্থানের আবেদন করবে শরণার্থী কার্যালয়ের দায়িত্ব হলো এই আবেদনগুলো উপযুক্ত কার্যালয়ে (জাতীয় সামাজিক সংহতি কেন্দ্র (EKKA))পেশ করা যা শ্রম মন্ত্রনালয়ের অন্তর্ভুক্ত । হোস্টিং কাঠামোতে বর্তমানে প্রায় 1000 আসন রয়েছে । আবেদনকারীদের অধিকার থাকা সত্তেও সব চাহিদা পূরণ করা সম্ভব হচ্ছেনা । শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতিপ্রাপ্তদের ইউরোপ ইউনিয়নের বিধি মোতাবেক বাসস্থানের (হাউজিং ব্যবস্থা) অধিকার নেই ।

3. **রাস্ট্র কি আমাদের কর্ম যোগিয়ে দিতে পারবে ?**

   যদিও শরণার্থী আবেদনকারী এবং স্বীকৃতিপ্রাপ্ত শরণার্থীদের কাজ করার অধিকার রয়েছে তবুও রাস্ট্র নিরাপদ কোন কাজের ব্যবস্থা করে দিতে পারবেনা কেননা গ্রীক নাগরিকদের ক্ষেত্রেও এই ধরনের সুবিধা নেই ।

4. **গ্রীসে আমাদের আন্তর্জাতিক নিরাপত্তা প্রদান করা হলে (শরণার্থী ও সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতি পেলে) কি কি অধিকার থাকবে ?**

i. বিনামূল্যে আপনাকে তিন বছর মেয়াদী বসবাসের বৈধতা প্রদান করা হবে যা পরবর্তীতে নবায়নযোগ্য । এই বৈধতার অনুমোদন আপনাকে ইতিবাচক সিদ্ধান্ত প্রদানের পরবর্তী 1-2 মাস পর হস্তান্তর করা হবে । এই অনুমোদন বের হওয়ার পূর্ব পর্যন্ত আন্তর্জাতিক সুরক্ষা আবেদনকারী কার্ড আপনার হস্তক্ষেপে থাকবে এবং এর গায়ে << **EKKPEMEI AΔEIA ΔIAMONHΣ** >>(বৈধতার অনুমোদন অমীমাংসিত অবস্থায় আছে) সীল লেবেল যুক্ত থাকবে ।

ii. আপনার আবেদনের পর ভ্রমণপত্র প্রদান করা হবে তবে এজন্য আপনাকে 85 ইউরো ফিস দিতে হবে । যদি আপনি সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতি পেয়ে থাকেন (শরণার্থী পদে নয়) তাহলে আপনার দেশের দূতাবাস হইতে পাসপোর্ট ইস্যু করতে পারবেন, এ ক্ষেত্রে ভ্রমণপত্র অপ্রয়োজনীয় এবং পরবর্তীতে পাসপোর্টের মাধ্যমে ভ্রমণ করতে পারবেন ।

iii. কাজের অধিকার থাকবে ।

iv. বিনামূল্যে স্বাস্থ্য ও চিকিতসাকেন্দ্রে সেবা নিতে পারবেন ।

v. আপনার সন্তানদের স্কুলে পাঠাতে পারবেন ।

vi. কিন্তু, হাউজিং বা কর্মযোগীয়ে দেয়ার অধিকার বা কোন ভাতা গ্রহনের সুবিধা থাকবে না , শুধুমাত্র যদি কেউ চলাচলে অক্ষম বা প্রতিবন্ধী হয় সে ক্ষেত্রে ভাতা গ্রহনের সুবিধা থাকবে ।

5. **আমাকে ইতিবাচক সিদ্ধান্ত প্রদান করে শরণার্থী ও সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতি পেতে পরবর্তী ধাপে কি কি পদক্ষেপ অনুসরণ করতে হবে ?**

আমাদের কার্যালয় হতে সিদ্ধান্ত পাওয়ার পর বসবাসের বৈধতার অনুমোদন পেতে নির্দিষ্ট আইনবিভাগে (যেমন এথেন্সে পেত্রোরালী 24 আলোদাপন)প্রয়োজনীয় কিছু নির্দিষ্ট ডকোমেন্ট জমা দিতে হবে । জমা দেয়ার 1-1.5 মাস পর আমাদের কার্যালয় থেকে বৈধতার অনুমোদন এসে নিয়ে যাবেন । এই প্রক্রিয়ার পাশাপাশি আপনি ভ্রমণপত্র প্রদানের আবেদন করতে পারবেন । ভ্রমণপত্র প্রদানের আবেদন করতে বসবাসের

বৈধতার অনুমোদনের জন্য অপেক্ষা করতে হবে না । এই দুটি প্রক্রিয়া একই সাথে প্রক্রিয়াধীন করা যাবে ।

6. **প্রাপ্তবয়স্করা কি স্কুলে যেতে পারবে ? আমরা কোথা থেকে গ্রীক ভাষা শিখব ?**

প্রাপ্তবয়স্করা স্কুলে যেতে পারবে কিন্তু এতে শর্ত প্রযোজ্য । মাঝে মাঝে রাস্ট্রীয় ভাবে গ্রীক ভাষা শেখাতে প্রস্তাব পাঠানো হয় এজন্য শরণার্থী কার্যালয়ের ঘোষণাবলী সম্পর্কে অবগত থাকবেন । এছাড়াও আপনাদের স্বদেশীও কমিটি-ক্লাব বা বেসরকারী প্রতিষ্ঠান যারা এ বিষয়ে সক্রিয় ভূমিকা পালন করে তাদের সাথে যোগাযোগ রাখবেন ।

7. **ইউরোপের অন্যান্য দেশে কি ভ্রমণ করতে পারব ?**

শরণার্থী আবেদনকারী হিসেবে ইউরোপের অন্যান্য দেশে ভ্রমণ করার একমাত্র উপায় হল পরিবারের অন্যান্য সদস্যের সহিত মিলিত হতে ডাব্লিন আইন প্রক্রিয়াধীন করা। একজন শরণার্থী আবেদনকারী হিসেবে প্রমাণসাপেক্ষে জরুরী ভিত্তিক চিকিতসা জনিত কারণ ছাড়া ইউরোপের অন্যান্য দেশে ভ্রমণ করা সম্ভব নয় । যদি আপনি শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতি পেয়ে থাকেন তাহলে ভ্রমণ পত্রের জন্য আবেদন করতে পারবেন । ভ্রমণ পত্র পেতে যাবতীয় কার্যপদ্ধতি শেষ হতে 1-2 মাস সময় লাগতে পারে । আপনাকে যে ভ্রমণপত্র প্রদান করা হবে তা দ্বারা ইউরোপের অন্যান্য দেশে ভ্রমণ করতে পারবেন কিন্তু অন্যান্য দেশে স্থায়ীভাবে বসবাস করতে পারবেন না । প্রতি ছয় মাস অন্তর অন্তর তিন মাসের জন্য অন্যান্য দেশে বসবাস করতে পারবেন কিন্তু তিন মাস মেয়াদের ভিতর এদেশে ফিরে আসতে হবে । স্থায়ীভাবে বসবাস করতে হলে তৃতীয় দেশীয় নাগরিক হিসেবে সেই দেশের নিয়ম অনুযায়ী ডকোমেন্ট পেশ করতে হবে ।

8. **আন্তর্জাতিক সুরক্ষা সুবিধাভোগী (শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতিপ্রাপ্ত) হিসেবে ভ্রমণপত্র দিয়ে ইউরোপ ইউনিয়নের বাহিরে ভ্রমণ করা যাবে ?**

হ্যা, ভ্রমণ করা যাবে কিন্তু আপনি যে দেশে ভ্রমণ করতে ইচ্ছুক সে দেশের দূতাবাস অথবা কনস্যুলেট অফিস থেকে ভ্রমণপত্র (ভিসা) সংগ্রহ করতে হবে । বিস্তারিত তথ্য পেতে উক্ত দেশের দূতাবাস অথবা কনস্যুলেট অফিসে যোগাযোগ করতে পারেন ।

9. **ডাব্লিন পদ্ধতিতে পরিবারের কেমন সদস্যের সাথে একত্রিত হওয়া সম্ভব ?**

অভিবাবকহীন অপ্রাপ্তবয়স্করা তাদের পিতামাতা, ভাই-বোন, মামা-চাচা, দাদা/দাদীদের সাথে একত্রিত হতে পারবে ।

স্বামী-স্ত্রী একে অন্যের সাথে ।

প্রাপ্তবয়স্ক সদস্যদের (যেমন-প্রাপ্তবয়স্ক ভাই-বোন, পিতামাতা, প্রাপ্তবয়স্ক সন্তান) বিশেষ কারণে সংযুক্ত করা যাবে (যেমন জরুরীভিত্তিক চিকিতসা বা বয়স্ক লোকদের দেখাশোনার জন্য আত্মীয়ের প্রয়োজন হলে ।)

10. **ডাব্লিন পদ্ধতি প্রক্রিয়াধীনের জন্য কি কি কাগজপত্র থাকতে হবে ?**

আপনার কাছে এমন কাগজপত্র থাকতে হবে যা দ্বারা আপনি প্রমাণ করতে পারেন যে আপনার পরিবারের সদস্য ইউরোপের অন্যকোন রাস্ট্রে শরণার্থী আবেদনকারী অথবা আন্তর্জাতিক সুরক্ষা সুবিধাভোগী (শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতিপ্রাপ্ত)হিসেবে বর্তমান আছেন । পারিবারিক সম্পর্ক নিশ্চিত করে এমন যেকোন ধরণের কাগজ আমাদের কার্যালয়ে জমা দেওয়াই শ্রেয় ।

11. **যদি আমাদেরকে শরণার্থী পদে ভূষিত করা হয় তাহলে কিভাবে আমাদের পরিবার এখানে নিয়ে আসতে পারব ? (ইউরোপ ইউনিয়ন বহির্ভুক্ত দেশ থেকে)**

শরণার্থী পদে স্বীকৃতিপ্রাপ্তদের স্বদেশ থেকে পরিবারের সদস্য এখানে একত্রিত করার অধিকার রয়েছে(পরিবারের সদস্য বলতে স্বামী-স্ত্রী, অপ্রাপ্তবয়স্ক সন্তান বোঝানো হয়েছে) । এ বিষয়ে কার্যালয়ে একটি আবেদন দাখিল করতে হবে । তবে এই প্রক্রিয়া খুবই সময়সাধ্য ও আমলাতান্ত্রিক ব্যাপার কেননা এতে আরও অন্যান্য কার্যালয় যেমন পররাস্ট্র মন্ত্রনালয় যুক্ত হতে পারে এজন্য পূর্ব থেকে সময় নির্ধারণ করা অসম্ভব ।

12. আমাদের পরিবারকে গ্রীসে আনতে কি বাসা এবং কাজ থাকতে হবে ?

আপনাকে শরণার্থী পদে ভূষিত করার তিন মাসের ভিতর যদি পরিবার একত্রীকরণের জন্য আবেদন করে থাকেন তাহলে এ ধরণের শর্ত প্রযোজ্য নয় ।

13. কি ধরণের কাগজপত্র প্রয়োজন এবং এর পদ্ধতি কি ?

i. সম্প্রতি বের করা ফ্যামিলি সার্টিফিকেট বা সরকারীভাবে গ্রীক ভাষায় অনুবাদিত এবং দায়িত্বপ্রাপ্ত গ্রীক প্রশাসন হতে সত্যায়িত ডকোমেন্ট আনতে হবে যা দ্বারা আবেদনকারীর সাথে পরিবারের সদস্যের সম্পর্ক নিশ্চিত করা যায় এবং এতে তাদের বয়স উল্লেখিত থাকতে হবে ।

ii. পরিবারের সদস্য বা সদস্যবৃন্দের ভ্রমণপত্রের সঠিক অনুলিপি থাকতে হবে ।

iii. (শরণার্থী যদি উপরোক্ত ডকোমেন্ট জমা দিতে ব্যর্থ হয় তাহলে আবেদন গ্রহণ ও শরণার্থী পরীক্ষার জন্য নিয়োজিত কতৃপক্ষ অন্য প্রমাণপত্রের ভিত্তিতে বিবেচনা করবে কেননা একটি নেতিবাচক সিদ্ধান্ত শুধুমাত্র নির্দিষ্ট কাগজ না থাকার উপর ভিত্তি করেনা ।)

iv. আপনার আবেদন যদি শরণার্থী কার্যালয় হইতে গ্রহণযোগ্য হয়ে থাকে তাহলে গ্রীক কনস্যুলেট অফিস আপনার আপনজন গ্রীসে আসার জন্য ভিসা প্রদান করবে ।

<u>গ্রীক কনস্যুলেট অফিস বা দূতাবাস ভিসা প্রদান করতে যা যা প্রয়োজনীয়ঃ</u>

v.আপনার দেশ হতে স্বীকৃতিপ্রাপ্ত পাসপোর্ট অথবা ভ্রমণপত্র যার মেয়াদকাল যেন অবশ্যই কমপক্ষে ভিসার মেয়াদকাল শেষ হওয়ার পরবর্তী তিনমাস পর্যন্ত থাকে ।

vi.বিদেশী কর্তৃপক্ষ হইতে ক্রিমিনাল রেরর্ডের নকল যা দ্বারা আবেদনকারীর অপরাধমূলক অবস্থা নথিভুক্ত থাকে । যদি শাস্তি বা সাজা নির্বশেষে কোর্টের চূড়ান্ত রায় নির্ধারিত হয়ে থাকে এবং অপরাধের সহিত সংযুক্ততা প্রমাণিত হয় যা পরবর্তীতে পাবলিক অর্ডার ও নাগরিকের নিরাপত্তা ঝুঁকির সৃষ্টি করে সে ক্ষেত্রে কারণ দর্শানোর জন্য বলা হয় এবং পূর্বে দোষী সাব্যস্ত হওয়ার পর নতুন করে

অপরাধযুক্ত না হতে এবং তৃতীয় দেশীয় নাগরিক হিসেবে অবৈধ কাজ না করতে কঠিন ভাবে সীমা আরোপণ করা হয় ।

vii. সরকারী বা ব্যক্তিগত প্রতিষ্ঠান হইতে স্বীকৃতিপ্রাপ্ত মেডিকেল সার্টফিকেট যাতে উল্লেখিত থাকবে যে, আসতে ইচ্ছুক ব্যক্তি বিপদজনক কোন রোগে আক্রান্ত নয় এবং তিনি জনস্বাস্থ্যে কোন প্রভাব ফেলবে না এবং আন্তর্জাতিক স্বাস্থ্যেসংস্থার বিধি মোতাবেক তিনি কোন সংক্রামক , ছোঁয়াছে বা পরজীবীরোগে আক্রান্ত নয় যাতে জনস্বাস্থ্য ক্ষতি বা নিরাপত্তার সম্মুখিন না হয় ।

14.বসবাসের বৈধতা অনুমোদিত কার্ডের মাধ্যমে কি ইউরোপে ভ্রমণ করতে পারব ?

না ভ্রমণপত্র প্রয়োজন ।

15. জটিল ও জরুরী কোন কারণে ভ্রমণপত্র বের হওয়ার পূর্বে শরণার্থী পদবীতে স্বীকৃতি পাওয়ার পর কী গ্রীসের বাহিরে ভ্রমণ করা যাবে ?

না, তবে প্রমাণসাপেক্ষে জরুরীভিত্তিক মানবিক কারণে যদি পদ্ধতি দ্রুততর ভাবে প্রক্রিয়াধীন করা সম্ভব হয় তাহলে ভ্রমণ করা যাবে ।

16. ইতিবাচক সিদ্ধান্ত গ্রহণের পর ভ্রমণপত্রের জন্য আবেদন করার কতদিন পর ভ্রমণপত্র প্রদান করা হয় ?

প্রায় এক থেকে দেড় মাস পর ।

17. গ্রীক নাগরিকত্ব পেতে কি কি প্রয়োজন ?

i. **প্রাপ্তবয়স্ক** হতে হবে (**বয়স আঠারো উর্ধ্ব**)

ii. গ্রীক নাগরিকত্ত ধারাবিধি 5 অনুযায়ী **নিষেধকৃত নির্দিষ্ট কিছু অপরাধে দোষী সাব্যস্ত হতে পারবেন না ।**

iii. শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে **স্বীকৃতিপ্রাপ্ত** হতে হবে অথবা শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতিপ্রাপ্ত হয়েছে এমন ব্যক্তির পারিবারিক সদস্য হতে হবে এবং **আপনার বসবাসের বৈধতার অনুমোদন থাকতে হবে ।**

iv. গ্রীসে **বৈধভাবে স্বীকৃতিপ্রাপ্ত শরণার্থী হিসেবে একনাগারে তিন বছর ও সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতিপ্রাপ্ত হিসেবে একনাগারে সাত বছর** বসবাস করতে হবে।

v. **গ্রীক ভাষায়** যথেষ্ট দক্ষতা থাকতে হবে।

vi. গ্রীক নাগরিকত্ত ধারাবিধি 5A বিচার্য বিষয় অনুযায়ী এ দেশের অর্থনৈতিক ও সামাজিক জীবন যাপনের সাথে স্বাভাবিকভাবে অন্তর্ভুক্ত হতে হবে এবং রাজনৈতিক জীবন যাপনের সাথে কার্যত ও সক্রিয় অংশগ্রহণের সক্ষমতা থাকতে হবে।

18. বসবাসের বৈধতা ও ভ্রমণপত্রের মেয়াদ কতদিন পর্যন্ত থাকে ?

বসবাসের বৈধতা মেয়াদ থাকে তিন বছর যা পরবর্তীতে আপনার আবেদনের মাধ্যমে নবায়নযোগ্য ।

ভ্রমণপত্রের মেয়াদ মেয়াদ থাকে পাঁচ বছর ।

19. ইউরোপ ইউনিয়নের বাহিরে বসবাসরত আছেন, বাবা-মা অথবা ভাইবোন যারা আসার আগে আমাদের সাথে বসবাস করত এবং শারীরিক অক্ষমতার কারণে আমাদের উপর নির্ভরশীল ছিল এবং বর্তমানে তাদের দেখাশোনার জন্য কেউ নেই এক্ষেত্রে কী পরিবার একত্রীকরণ করা যায় ? কীভাবে ?

প্রাপ্তবয়স্ক শরণার্থীর বাবা-মার ক্ষেত্রে পরিবার একত্রীকরণ করা যেতে পারে । উপরে পরিবার একত্রীকরণ পদ্ধতিতে উল্লেখিত শর্ত ছাড়াও আরও কিছু নথি পেশ রতে হবে । যেমন-

i.সরকারী সামাজিক নিরাপত্তা বিভাগের সার্টিফিকেট যাতে উল্লেখ থাকবে যে শরণার্থী সম্পূর্ণভাবে অসুখ জনিত ব্যাপারে এবং কর্মসংস্থানে শ্রমিক হিসেবে সম্ভাব্য ঝুঁকিপূর্ণতার ব্যাপারে বীমাকৃতভাবে নিরাপদ এবং একই বীমাতে পারিবারিক সদস্যরাও যুক্ত হয়ে নিরাপদ থাকবে । অথবা-

ii.আয়কর বিভাগের প্রদেয় বিবরণপূর্ণ তালিকা অথবা যেকোন ধরণের সরকারী নথি যাতে প্রমাণিত হয় যে আপনার বার্ষিক ব্যক্তিগত আয় নির্দিষ্ট ও স্থিতিশীল এবং উক্ত আয় সামাজিক সহায়তা ব্যবস্থা থকে আসেনা । উক্ত আয় কোন

অনবিজ্ঞ শ্রমিকের বার্ষিক আয় হইতে কম হলে চলবে না এবং স্ত্রী বাবত 20% এবং প্রতি সন্তান বা পিতা-মাতা বাবত 15% বৃদ্ধি পাবে । এবং-

iii.সরকারী অর্থবিষয়ক কার্যালয় হইতে সত্যায়িত বাসস্থানের ক্রয়চুক্তি বা ভাড়ানামা অথবা এই যাবতীয় সত্যায়িত ডকোমেন্ট যাতে প্রমাণিত হয় যে শরণার্থী তার নিজ ও পরিবারের সদস্যদের বসবাসের ব্যবস্থা দিতে সক্ষম ।

আপনার ভাই-বোনের সহিত মিলিত হয়ে ব্যবস্থা করতে পারবেন না ।

20. আমাদেরকে প্রদানকৃত শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবী বাতিল করে বা বাতিল হতে পারে এমন অবৈধ কাজগুলো কি কি ?

নিম্নলিখিত কারণগুলো আপনাকে আন্তর্জাতিক শরণার্থী সুবিধাভোগী (শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবী) হতে বহিস্কার অথবা বাতিল করতে পারে : গুরুতর অপরাধ, অপকর্ম যা কমপক্ষে তিন বছরের কারাদন্ডে শাস্তি প্রদান করে।

গুরুতর শারীরিক জখম জনিত অপরাধ (দন্ডবিধি 310), শিশু অপহরণ (দন্ডবিধি 324), আকস্মিক অপহরণ (দন্ডবিধি 327), যৌন নিপিরণ (দন্ডবিধি 337 অনুচ্ছেদ 5), শিশু ফুসলানো (দন্ডবিধি 339), যৌন কাজে শিশুদের অপব্যবহার (দন্ডবিধি 342), অপ্রাপ্তবয়স্কদের পর্ণগ্রাফী(দন্ডবিধি 348A), যৌন কাজে শিশুদের ধাবিত করা (দন্ডবিধি 348 B), দালালী, পতিতাদের শোষণ, পারিশ্রমিকের মাধ্যমে অপ্রাপ্তবয়স্কদের যৌন কাজে ধাবিত করা, চাঁদাবাজি (দন্ডবিধি 324)।

21. আন্তর্জাতিক সুরক্ষা ব্যবস্থা (শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবী) থেকে যেকোন মুহূর্তে কি পদত্যাগ করা সম্ভব ?

শরণার্থী প্রক্রিয়া হতে যেকোন সময় পদত্যাগ করতে পারবেন , আপনাকে শরণার্থী অথবা সম্পূরক নিরাপত্তা পদবীতে স্বীকৃতি প্রদান করার পরও চাইলে ইস্তফা নিতে পারবেন । এর অর্থ হল পদত্যাগ করার পর গ্রীস থেকে আপনাকে চলে যেতে হবে অথবা এদেশে অবৈধ অবস্থায় থাকতে হবে কিন্তু পরবর্তীতে দ্বিতীয়বার শরণার্থী আবেদন করতে চাইলে আবেদন গ্রহণ করা খুব কঠিন হবে ।